



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

বিশ্ব মৃত্তিকা দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ব্যতিক্রমী প্রদর্শনীর আয়োজন

“আমাদের ভবিষ্যত, মৃত্তিকার ক্ষয়রোধ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে পালিত হচ্ছে বিশ্ব মৃত্তিকা দিবস ২০১৯। দিবসটি উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের আয়োজনে “মাটি এবং পরিবেশ সংরক্ষণ প্রতিমালেশ” বিষয়ের উপর এক ব্যতিক্রমী প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। সকাল ১০.৩০ টায় প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে শিক্ষার্থীদের তৈরি বিভিন্ন প্রজেক্টগুলো ঘুরে দেখেন এবং তাদের এধরনের সৃজনশীল কর্মকাণ্ডেরও ভূয়সী প্রশংসা করেন উপাচার্য মহোদয়। এসময় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন, তোমরা এমন পরিকল্পনা গ্রহণ কর যে পরিকল্পনা বাস্তবায়নে মৃত্তিকার ক্ষয় রোধ করা সম্ভব। কেননা আমরা বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করে এগিয়ে চলছি। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন উন্নয়ন প্রকল্পে যতটা সম্ভব কৃষি জমিকে রক্ষা করে প্রকল্প বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেছেন। তাই আগামীর ভবিষ্যত গড়তে এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় মৃত্তিকার ক্ষয়রোধ কল্পে আমাদের সকলকে এগিয়ে আসতে হবে এ হোক বিশ্ব মৃত্তিকা দিবসের অঙ্গীকার। এসময় মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান আনজুমান আরা রজনী, প্রক্টর ড. সুব্রত কুমার দাসসহ বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ ও অন্যান্য অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস